**রূপালী ব্যাংক পিএলসি.**
**সাধারন ঋণ ও এসএমই বিভাগ**
প্রধান কার্যালয়, ঢাকা।

| | |
|---|---|
| প্রতিঃ সকল শাখা/ কর্পোঃ শাখা/ জোনাল অফিস/ বিভাগীয় কার্যালয়/ নিরীক্ষা ও পরিদর্শন টিম/ স্থানীয় কার্যালয়/ আরবিটিএ ও প্রধান কার্যালয়ের সকল বিভাগ | ইস্তেহার নং-প্রকা/এসএমই/নির্দেশ/০১<br>তারিখঃ২৮ এপ্রিল, ২০২৬ খ্রিঃ |

**বিষয় ঃ- পড়াশোনার জন্য বিদেশে গমনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের ঋণ সহায়তা (Student Loan) প্রদানের নীতিমালা।**

বাংলাদেশ থেকে প্রতি বছর বিপুল সংখ্যক ছাত্র/ছাত্রী 'স্টুডেন্ট ভিসা' নিয়ে লেখাপড়ার উদ্দেশ্যে পৃথিবীর বিভিন্ন দেশে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার সুযোগ গ্রহণ করছে। বিদেশে গমনকারী ছাত্র/ছাত্রীরা উচ্চ শিক্ষা গ্রহণপূর্বক দেশের মানব সম্পদ উন্নয়নের পাশাপাশি বৈদেশিক মুদ্রা অর্জন ও বাংলাদেশ গড়ার ক্ষেত্রেও বিশেষ ভূমিকা রাখছে। বিদেশে বেশিরভাগ কলেজ/বিশ্ববিদ্যালয়ে খন্ডকালীন চাকুরীর সুযোগ থাকায় তাঁরা বিদেশে খন্ডকালীন চাকুরীও করে থাকে। ফলে চাকুরীর আয় থেকে দেশে অর্থ প্রেরণ করে দেশের বৈদেশিক রেমিট্যান্স বৃদ্ধিতে এবং বেকারত্ব দূরীকরণে সহায়তা করছে।

০২। এতদসত্বে ও দেখা যাচ্ছে যে, অনেক ছাত্র-ছাত্রী বা তাদের অভিভাবকগণ বিদেশে পড়াশুনা ও বিভিন্ন আনুষ্ঠানিকতা পরিপালনসহ বিভিন্ন খরচ নির্বাহ করতে সক্ষম হন না। বিশেষ করে বিদেশে পড়াশুনার জন্য ব্যাংক সলভেন্সী সার্টিফিকেটের প্রয়োজন হয়। যার জন্য শিক্ষার্থী বা তাঁর অভিভাবকের ব্যাংক হিসাবে প্রায় ৩০-৮০ লক্ষ টাকা স্থিতি থাকতে হয়। অধিকাংশ শিক্ষার্থী বা তাঁদের অভিভাবকের ব্যাংক হিসাবে প্রয়োজনীয় পরিমাণ অর্থ না থাকার কারণে অনেকেই ব্যাংকে স্বল্প মেয়াদী ঋণের জন্য আবেদন করে থাকেন।

০৩। বিষয়টির গুরুত্ব অনুধাবনপূর্বক পড়াশুনার জন্য বিদেশে অবস্থানরত বা বিদেশে গমনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে Student Loan নামে বর্তমানে প্রচলিত স্কীমটি সংশোধন করে উক্ত স্কীমের আওতায় ঋণ প্রদানের প্রয়োজনীয় শর্তাবলী সংশ্লিষ্ট সকলের অবগতি ও পরিপালনের জন্য নিম্নে উল্লেখ করা হলোঃ

| | | | |
|---|---|---|---|
| ০৪। | **ঋণের পরিমাণ** | : | সর্বোচ্চ ৭০ লক্ষ টাকা; যা অনুমোদনের তারিখ থেকে ৩০ (ত্রিশ)দিনের মধ্যে অনধিক ০৩ (তিন) টি কিস্তিতে বিতরণযোগ্য। |
| ০৫। | **সুদের হার** | : | **১২%** (পরিবর্তনশীল) |
| ০৬। | **ঋণের মেয়াদকাল** | : | ১২ মাস। |
| ০৭। | **আবেদনের যোগ্যতা** | : | |

ক) বিদেশে লেখাপড়ার উদ্দেশ্যে বিদেশের কলেজ/ বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক বা ইতোমধ্যে বিদেশে পড়াশুনার উদ্দেশ্যে অবস্থান করছেন কিন্তু উচ্চতর ডিগ্রী অর্জনের জন্য অবস্থানকারী দেশ হতে অন্য দেশে গমন করবেন বা একই দেশের ভিন্ন বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে ইচ্ছুক এমন সকল ছাত্র/ছাত্রী যাদের ভিসা প্রাপ্তির জন্য প্রয়োজনীয় অংকের স্থিতিসহ হিসাব বিবরণী Embassy/ High Commission/বিদেশী কলেজ ও বিশ্ববিদ্যালয়ে প্রদর্শন করতে হয় তারাই এ স্কীমের আওতায় ঋণ পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।

খ) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে

গ) আবেদনকারীকে অবশ্যই ছাত্র/ছাত্রী অথবা সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর পিতামাতা/আইনগত অভিভাবক/Sponsor হতে হবে।

ঘ) ভর্তি ইচ্ছুক ছাত্র/ছাত্রীদের বিদেশে কলেজ/বিশ্ববিদ্যালয়ের চাহিদা মোতাবেক প্রয়োজনীয় যোগ্যতা থাকতে হবে।

**বিষয় ঃ- পড়াশোনার জন্য বিদেশে গমনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের ঋণ সহায়তা (Student Loan) প্রদানের নীতিমালা সংশোধনী প্রসংগে।**

০৮। আবেদনকারীকে সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙীন ছবি ও নিম্নোক্ত কাগজপত্রসহ সাদা কাগজে আবেদনপত্র দাখিল করতে হবে।

ক) সংশ্লিষ্ট দেশের শিক্ষা বা বৈদেশিক মন্ত্রণালয় কর্তৃক বিশেষভাবে অনুমোদিত বিদেশী কলেজ/বিশ্ববিদ্যালয় থেকে প্রস্তাবপত্র (Offer letter) এবং পড়াশোনা ও থাকা খাওয়া খরচের বিবরণ (Tution Fees & Living Cost) সহ আনুষাংগিক কাগজপত্রাদি দাখিল করতে হবে। (যেমনঃ I-20 আমেরিকার শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীর অনুকূলে ইস্যুকৃত Admission Letter)।

খ) সকল শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেটসমূহ ও বৈধ পাসপোর্ট এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। TOEFL, IELTS, SAT, GRE, GMAT ইত্যাদি Score Sheet প্রয়োজনীয় ক্ষেত্রে দাখিল করতে হবে।

গ) শিক্ষার্থী নিজে অথবা বিদেশে অবস্থানরত শিক্ষার্থীর ক্ষেত্রে তার পিতা/মাতা/বৈধ অভিভাবককে স্বশরীরে শাখায় উপস্থিত হয়ে এ ঋণের আবেদন করতে হবে এবং আবেদনকারীর নামে সঞ্চয়ী ও ঋণ হিসাব খুলতে হবে।

ঘ) ঋণের অর্থ সঞ্চয়ী হিসাবে স্থানান্তরের নিমিত্তে আবেদনকারী/শিক্ষার্থীকে একটি সঞ্চয়ী হিসাব খুলতে হবে।

ঙ) আবেদনকারীকে অবশ্যই ঋণ পরিশোধের লক্ষ্যে ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ০১ জন গ্যারান্টর এর (পিতা/মাতা/ভাই/বোন/আত্মীয়স্বজন) গ্যারান্টি প্রদান করতে হবে।

০৯। **ঋণের জামানতঃ**

ক) ঋণ প্রদানের পূর্বে প্রয়োজনীয় চার্জ ফরম (সিএফ-১, ১১, ১৯) ব্যাংকের সাথে সম্পন্ন করতে হবে।

খ) ১০% ক্যাশ মার্জিন সঞ্চয়ী হিসাবে জমা করতে হবে। উল্লেখ্য, আবেদনকারীর সঞ্চয়ী হিসাবে স্থানান্তরকৃত ব্যাংক ঋণের অর্থে আবেদনকারী একই শাখায় প্রচলিত সুদে এফডিআর হিসাব খুলতে পারবে।

গ) ৩০০/-টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পের গ্যারান্টার কর্তৃক ব্যক্তিগত গ্যারান্টি গ্রহণ করতে হবে।

ঘ) মার্জিন ও ঋণের অর্থ আবেদনকারীর সঞ্চয়ী হিসাবে স্থানান্তর করার পর উক্ত স্থিতি ব্যাংকে লিয়েন থাকবে। হিসাবের স্থিতি লিয়েন রাখার বিষয়ে গ্রাহকের নিকট হতে Letter of Lien গ্রহণ করতে হবে। এফডিআরের ক্ষেত্রে ব্যাংকের প্রচলিত নিয়মানুযায়ী লিয়েন মার্ক করতে হবে।

ঙ) সঞ্চয়ী হিসাবের স্থিতি ডেবিট/স্থানান্তর করার বিষয়ে গ্রাহকের নিকট হতে লেটার অব অথরিটি গ্রহণ করতে হবে।

চ) লেটার অব লিয়েন, লেটার অব এগ্রিমেন্ট, লেটার অব অথরিটি, চার্জ ফরম ইত্যাদি ব্যাংকের প্রচলিত নিয়মমানুসারে পরিপালন পূর্বক গ্রহণ করতে হবে।

১০। **বিশেষ শর্তাবলীঃ**

ক) বিদেশে কলেজ/বিশ্ববিদ্যালয়ে ভর্তি হয়ে পড়াশুনার লক্ষ্যে বিদেশে গমনেচ্ছুক বা একই উদ্দেশ্যে বিদেশে অবস্থানরত ছাত্র/ছাত্রী ব্যতীত অন্য কোন ছাত্র/ছাত্রীদের বা অন্য কোন উদ্দেশ্যে এ কর্মসূচীর আওতায় ঋণ প্রদান করা যাবে না।

খ) লিয়েনকৃত সঞ্চয়ী হিসাবে কোন চেক বই ইস্যু করা যাবে না বা কোন উত্তোলন সুবিধা দেওয়া যাবে না।

গ) প্রস্তাব পত্র (Offer letter) এর সমস্ত নির্দেশনা ও শর্তাবলী যথাযথভাবে পরিপালন করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করে নিতে হবে।

১১। **ঋণ মঞ্জুরীর ক্ষমতা/অনুমোদনকারী কর্তৃপক্ষ ও অনুমোদন প্রক্রিয়াঃ**

ক) স্থানীয় কার্যালয়ের ক্ষেত্রে শাখা প্রধান (মহাব্যবস্থাপক), কর্পোরেট শাখা-১ এর ক্ষেত্রে শাখা প্রধান (উপ-মহাব্যবস্থাপক) ঋণ অনুমোদন করতে পারবে। এতদ্ব্যতীত ব্যাংকের সকল শাখার ক্ষেত্রে অনুমোদন ক্ষমতা জোনাল ম্যানেজার এর উপর ন্যস্ত থাকবে।

খ) স্টুডেন্ট লোন প্রসেসিং ফি বাবদ এককালীন নগদ ৫০০/- টাকা গ্রহণ করতে হবে;

**বিষয় ঃ- পড়াশোনার জন্য বিদেশে গমনেচ্ছুক ছাত্র/ছাত্রীদের ঋণ সহায়তা (Student Loan) প্রদানের নীতিমালা সংশোধনী প্রসংগে।**

গ) শিক্ষার্থীর সঞ্চয়ী হিসাব বিবরণী প্রদান ও সলভেন্সী সার্টিফিকেট ইস্যু করা যাবে;

ঘ) ভিসা প্রাপ্তির পর শিক্ষার্থী/অভিভাবক/গ্যারান্টর কর্তৃক নিজস্ব উৎস হতে জমাকৃত অর্থ (মার্জিনসহ ঋণাংক বাদে) কেবল মাত্র শিক্ষার্থীর আবেদনের প্রেক্ষিতে ও প্রয়োজনীয় চার্জ গ্রহণসহ প্রচলিত নিয়মাচার পরিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট বিদেশের আবেদনকৃত শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে টিউশন ফি বাবদ পে-অর্ডার, ডিডি, টিটি, FTT এর মাধ্যমে প্রেরণ করা যাবে;

ঙ) শিক্ষার্থীর থাকা, খাওয়া খরচ বাবদ শিক্ষার্থীর অনুকূলে Foreign Draft, Traveller cheque ইত্যাদি ইস্যু করা যাবে।

**১২। ঋণ সমন্বয় করণঃ**

আবেদনকারীর যে কোন সময়ে আবেদনের পরিপ্রেক্ষিতে তার সঞ্চয়ী হিসাবের স্থিতির মাধ্যমে সুদসহ ঋণ হিসাবটি সমন্বয় করা যাবে।

উক্ত ইস্তেহারের আওতায় ঋণ বিতরনের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো। উল্লেখিত নীতিমালার আওতায় ঋণ বিতরনের ক্ষেত্রে ইস্তেহারের কোন শর্তাবলীর ব্যাখ্যার প্রয়োজন হলে সাধারণ ঋণ ও এসএমই বিভাগের সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেওয়া হলো এতদসংক্রান্ত পূর্বের নীতিমালা সম্বলিত বিভাগীয় ইস্তেহার নং প্রকা/এসএমই/নির্দেশ/০১; তারিখ ০৬.০১.২০১৬, ইস্তেহার লেটার নং প্রকা/এসএমই/নির্দেশ/০২; তারিখ ০১.০৮.২০১৮, ইস্তেহার লেটার নং প্রকা/সাঋওএসএমই/নির্দেশ/০১; তারিখ ২৬.০১.২০২২, বাতিল বলে গণ্য হবে এবং বর্তমান জারীকৃত ইস্তেহারের আওতায় ঋণ কার্যক্রম পরিচালিত হবে।

(মোহাম্মদ আফজাল হোসেন)
উপ-মহাব্যবস্থাপক

(মোঃ মইনুদ্দিন মাসুদ)
মহাব্যবস্থাপক